

Times Today BD

আশিকুর রহমান শান্ত | দেশজুড়ে | 02 July, 2025

টাঙ্গাইলের কালিহাতীতে এইচএসসি পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহ করার সময় কালিহাতী শাজাহান সিরাজ কলেজ শাখা ছাত্রদের সভাপতি মৃদুল হাসানকে আটক করা হয়েছে।

মঙ্গলবার এইচএসসি পরীক্ষা চলাকালীন সময়ে কালিহাতী শাহজাহান সিরাজ কলেজ কেন্দ্র থেকে তাকে আটক করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ সিফাত বিন সাদেক।

মৃদুল হাসান ওই কলেজের ২য় বর্ষের শিক্ষার্থী।

এবিষয়ে উপজেলা সহকারী কমিশনার ভূমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ সিফাত বিন সাদেক বিষয়টি নিশ্চিত করে জানান, আটকের পর তাকে পুলিশে সোপর্দ করা হয়েছে এবং কালিহাতী শাজাহান সিরাজ কলেজ কর্তৃপক্ষকে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লিখিতভাবে বলা হয়েছে।

কালিহাতী শাজাহান সিরাজ কলেজের অধ্যক্ষ মোঃ মজিবর রহমান জানান, ব্যবস্থা গ্রহণের জন্য লিখিত নির্দেশনা পেয়েছি। এ্যাসিল্যান্ড স্যার এবং কলেজের সিনিয়র স্যারদের সাথে পরামর্শক্রমে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

কালিহাতী থানার ওসি মোঃ জাকির হোসেন জানান, আটককৃত মৃদুল হাসান পুলিশ হেফাজতে রয়েছে। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:48

URL: <https://timestodaybd.com/public/across-the-country/7758074035>